গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অতিরিক্ত প্রধান প্রকৌশলীর কার্যালয়
ময়মনসিংহ গণপূর্ত জোন, ময়মনসিংহ।
ফোনঃ ০৯১-৫২১৩৩

স্মারক নং-২৫.৩৬.৬১০০.০১০.১৪.০০০.২০/ ৮৬০ তারিখঃ- ০৭/০৯/২০২১

**বিষয়ঃ-অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ময়মনসিংহ গণপূর্ত জোন মহোদয়ের সঞ্চালণায় ময়মনসিংহ গণপূর্ত সার্কেলের মসিক সমন্বয় সভার কার্যবিবরণীঃ-**

**সভাপতিঃ** জনাব মোঃ শামছুদ্দোহা, অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ময়মনসিংহ গণপূর্ত জোন, ময়মনসিংহ।
**তারিখ ও সময়ঃ** ৬ সেপ্টেম্বর, ২০২১ খ্রিঃ বেলা ১১ ঘটিকা।
**স্থানঃ** Zoom App এর মাধ্যমে ভার্চুয়াল সভা।

সভাপতি মহোদয় Zoom App সংযুক্ত সকল কর্মকর্তাকে স্বাগত জানান এবং ময়মনসিংহ গণপূর্ত সার্কেলের তত্ত্বাবধায়ক প্রকৌশলী সূচনা বক্তব্য দেন। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ময়মনসিংহ গণপূর্ত জোন এর সঞ্চালনায় ময়মনসিংহ গণপূর্ত সার্কেলাধীন ৩(তিন)টি বিভাগের বিভিন্ন উন্নয়নমূক কাজ ও রক্ষনাবেক্ষণ কাজের নিম্নোক্ত বিষয়ে বিষদ আলোচনা হয়।

**সভার আলোচ্য বিষয়ঃ-** ময়মনসিংহ সার্কেলের আওতাধীন বিভাগ সমুহের ১। ২০২১-২০২২ অর্থ বছরের সমাপ্তি যোগ্য কাজের অগ্রগতি পর্যালোচনা ২। চলমান কাজের অগ্রগতি পর্যালোচনা ৩। ২০২১-২০২২ অর্থ বছরের মেরামত খাতের বার্ষিক ক্রয় পরিকল্পনা (এপিপি) প্রণয়ন। ৪। উন্নয়ন/রাজস্ব প্রকল্পের দরপত্র আহবানের তথ্য ৫। ডেংগুর বিস্তার রোধে গৃহীত কার্যক্রম ৬। স্থাপনার আগাছা নিধনকল্পে গৃহিত ব্যবস্থাদি ৭। বিবিধ – প্রাক্কলণ তালিকা প্রেরণ, বৃক্ষরোপণ তালিকা ও সচিত্র প্রতিবেদন, ওয়েবপোর্টাল অগ্রগতি, BIMH বুকলেট, স্বাস্থ্য খাতের প্রত্যয়নপত্র, ভূমি অফিস উদ্বোধন ইত্যাদি বিষয়ে আলোচনার সংক্ষিপ্তসার ও গৃহীত সিদ্ধান্ত নিম্নোক্ত ভাবে লিপিবদ্ধ করা হল।

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারীকর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১। | ২০২১-২০২২ অর্থ বছরে সমাপ্তি যোগ্য প্রকল্প সমূহ নিয়ে বিশদ আলোচনা করা হয়। কিশোরগঞ্জের নির্বাহী প্রকৌশলী জানান ২৫ ফায়ারের আওতায় নিকলি ফায়ার স্টেশনের কাজ শতভাগ সম্পন্ন হয়ে হস্তান্তরের অপেক্ষায় আছে। তিনি আরো জানান ভূমি অফিস কটিয়াদি, তাড়াইল, নিকলি, অষ্টগ্রাম এর কাজ দ্রুতই শেষ হবে। কিশোরগঞ্জ ম্যাজিস্ট্রেট কোর্ট এবং সমাজ সেবা কমপ্লেক্স ভবনে লিফট এবং বহিঃ বিদ্যুতের কাজ চলমান।<br><br>নেত্রকোণার নির্বাহী প্রকৌশলী জানান, খালিয়াজুড়ি ফায়ার সার্ভিস স্টেশনের টাইলস এর অর্ডার দেয়া হয়েছে। খালিয়াজুড়ি ফায়ার এর কাজ পিছিয়ে আছে বিধায় এই কাজের প্রতি বিশেষ নজরদারি এবং প্রতি মাসে মিটিং করার নির্দেশ দেন সভাপতি মহোদয়। ২৫০ বেড হাসপাতালের কাজ ডিসেম্বরের মধ্যে শেষ করা এবং সাইট পরিস্কার পরিচ্ছন্ন রাখার ব্যাপারে আলোচনা করা হয়। এছাড়া ভূমি অফিস, সমাজ সেবা অফিস, শৈলজারঞ্জন সাংস্কৃতিক কেন্দ্র, হাইওয়ে আউটপোস্ট শ্যামগঞ্জ, ও ফায়ার স্টেশন এর কাজ নিয়ে আলোচনা করা হয়।<br><br>ময়মনসিংহের নির্বাহী প্রকৌশলী জানান, ময়মনসিংহ পুলিশ হাসপাতালের কাজ সমাপ্ত হয়ে হস্তান্তর প্রক্রিয়াধীন আছে। ১৫৬ ফায়ার এর আওতায় কৃষিবিশ্ববিদ্যালয় ফায়ার স্টেশন ও গৌরীপুর ফায়ার স্টেশন এর ফিনিশিং কাজ চলমান। র‍্যাব ১৪ এবং ২ এপিবিএন এর সকল অসমাপ্ত কাজের আইটেম ওয়াইজ কাজ শুরুর তারিখ ও শেষের তারিখ সহ টেইল ওয়ার্ক প্লান তৈরী করার ব্যাপারে অতিরিক্ত প্রধান প্রকৌশলী মহোদয় নির্দেশনাদেন। হালুয়াঘাট টিটিসি প্রকল্পের কাজ ৯৯% সমাপ্ত, আরবরিকালচার এবং ড্রেইনের টেন্ডার করা হয়নি মর্মে নির্বাহী প্রকৌশলী সভাকে অবহিত করেন। ফুলবাড়িয়া ও নান্দাইল কৃষক প্রশিক্ষণ কেন্দ্রের কাজ শেষ, শীঘ্রই হস্তান্তর করা যাবে। | ১। কোন কেন্দ্রে কোন আইটেমের কাজ অসমাপ্ত থাকলে তা যথা দ্রুত সম্ভব সমাপ্ত করতে হবে।<br>২। সকল অসমাপ্ত কাজের আইটেম ওয়ারি ডিটেইল ওয়ার্ক প্ল্যান তৈরী করতে হবে এবং সে অনুযায়ী বাস্তবায়ন করতে হবে<br>৩। সমাপ্তি যোগ্য প্রকল্পের কাজে কোন ভেরিয়েশন থাকলে তা দুই সপ্তাহের মধ্যে দাখিল করতে হবে।<br>৪। খালিয়াজুড়ি ফায়ারের ঠিকাদারকে ফিনিশ সিডিউল ঠিক করে চিঠি দিতে হবে।<br>৫। কাজের গতি ত্বরান্বিত করার স্বার্থে নেত্রকোনার নির্বাহী প্রকৌশলী খালিয়াজুড়ি নিয়ে প্রতিমাসে ঠিকাদারের সাথে মিটিং করবেন।<br>৬। যতদ্রুত সম্ভব ভবন সমূহ প্রত্যাশি সংস্থার নিকট হস্তান্তর করতে হবে। | সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী ও উপ-বিভাগীয় প্রকৌশলীগণ |
| ২। | কিশোরগঞ্জ, নেত্রকোণা এবং ময়মনসিংহ জেলায় চলমান বিভিন্ন প্রকল্পের কাজের অগ্রগতি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীগণ নিজ নিজ বিভাগের চলমান কাজ সমুহের অগ্রগতি ও বর্তমান অবস্থা সম্পর্কে সভাকে অবহিত করেন। | ১। নিয়মিত সাইট পরিদর্শন করে কাজের অগ্রগতি ও গুণগত মান নিশ্চিত করতে হবে<br>২। সাইট পরিস্কার পরিচ্ছন্ন রাখতে হবে।<br>৩। যে সকল আইটেমের কাজ বাকি তা দ্রুত শেষ করার প্রয়োজনীয় | সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী ও উপ-বিভাগীয় প্রকৌশলীগণ |

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারীকর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ৩। | ২০২১-২০২২ অর্থ বছরের এপিপি নিয়ে সভায় আলোচনা করা হয়। অতিরিক্ত প্রধান প্রকৌশলী মহোদয় নির্বাহী প্রকৌশলী ও উপবিভাগীয় প্রকৌশলীগণের বাসভবন ও অফিসের মেরামত এপিপিতে অন্তর্ভুক্তির বিষয়টি নিশ্চিত করতে বলেন। এছাড়াও তিনি ফায়ার স্টেশনের এপিপিতে অন্তর্ভূক্তির ব্যাপারে আলোচনা করেন। | ১। এপিপিতে নির্বাহী প্রকৌশলী এবং উপ-বিভাগীয় প্রকৌশলী গণের বাসভবন মেরামত অন্তর্ভূক্ত করতে হবে।<br>২। যতদূর সম্ভব ফায়ার স্টেশনের মেরামত অন্তর্ভুক্ত করতে হবে। | সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী ও উপ-বিভাগীয় প্রকৌশলীগণ |
| ৪। | উন্নয়ন/রাজস্ব প্রকল্পের দরপত্র আহবানের অবস্থা নিয়ে আলোচনা করা হয়। নির্বাহী প্রকৌশলীগণ নিজ নিজ বিভাগের দরপত্র আহবানের সার্বিক চিত্র তুলে ধরেন। | ১। যতদ্রুত সম্ভব দরপত্র আহবান করতে হবে।<br>২। যেসকল কাজের প্রাক্কলণ দাখিল করা হয়নি সেসব প্রক্কলণদ্রুত দাখিল করতে হবে। | সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী ও উপ-বিভাগীয় প্রকৌশলীগণ |
| ৫। | ডেংগুর বিস্তার রোধে গৃহীত কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করা হয়। | ১। ডেংগুর বিস্তার রোধে নিয়মিত ফগার মেশিন দিয়ে ওষুধ ছিটাতে হবে। | সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী ও উপ-বিভাগীয় প্রকৌশলীগণ |
| ৬। | স্থাপনার আগাছা নিধনকল্পে গৃহীত পদক্ষেপ সমূহ নিয়ে সভায় আলোচনা করা হয়। | ২। বাড়ি, অফিস ও সাইটের আঙ্গিনা পরিস্কার রাখতে হবে। নিয়মিত আগাছা পরিস্কার করতে হবে। | সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী ও উপ-বিভাগীয় প্রকৌশলীগণ |
| ৭। | সভায় বিবিধ বিষয় যেমন প্রাক্কলণ তালিকা প্রেরণ, বৃক্ষরোপণ তালিকা ও সচিত্র প্রতিবেদন, ওয়েব পোর্টাল অগ্রগতি, BIMH বুকলেট, স্বাস্থ্য খাতের প্রত্যয়নপত্র, ভূমি অফিস উদ্বোধন ইত্যাদি নিয়ে আলোচনা করা হয়। প্রাক্কলনের তালিকা প্রেরনের জন্য সকল নির্বাহী প্রকৌশলীগণকে বলা হয়। প্রতিটি জেলায় প্রয়োজনীয় সংখ্যক বৃক্ষরোপণ করে তার তালিকা তৈরী এবং সচিত্র প্রতিবেদন দাখিল করতে হবে এবং এপিওর ত্রৈমাসিক রিপোর্টে ছবিসহ সংযুক্ত করতে হবে। BIMH এর বুকলেট তৈরী করে জোন অফিসে এক কপি পাঠাতে হবে। ওয়েব পোর্টালের অগ্রগতি নিয়ে আলোচনা করা হয়। | ১। গণপূর্ত বিভাগ ও সার্কেল থেকে বৃক্ষরোপণের তালিকা এবং ছবিসহ প্রতিবেদন তৈরী করে জোন অফিসে প্রেরণ করতে হবে।<br>২। BIMH এর বুকলেট এর কপি জোন অফিসে প্রেরণ করতে হবে।<br>৩। ওয়েব পোর্টালের অগ্রগতি ১০০% হতে হবে।<br>৪। স্বাস্থ্যখাতের সমাপ্ত কাজের প্রতয়ন পত্র সংগ্রহ করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী ও উপ-বিভাগীয় প্রকৌশলীগণ |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

০৭/০৭/২২

(মোঃ শামছুদ্দোহা)
অতিরিক্ত প্রধান প্রকৌশলী
ময়মনসিংহ গণপূর্ত জোন, ময়মনসিংহ।
e-mail: ace_mymen@pwd.gov.bd

৭/৭/২০২২

বিতরণঃ-

১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ময়মনসিংহ গণপূর্ত সার্কেল, ময়মনসিংহ।
২। নির্বাহী প্রকৌশলী (স্টাফ অফিসার), গণপূর্ত অধিদপ্তর, পূর্তভবন, সেগুনবাগিচা, ঢাকা। প্রধান প্রকৌশলী মহোদয়ের সদয় অবগতির জন্য।
৩। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, ময়মনসিংহ/কিশোরগঞ্জ/নেত্রকোণা।
৪। নির্বাহী প্রকৌশলী (স্টাফ অফিসার), ময়মনসিংহ গণপূর্ত জোন, ময়মনসিংহ।
৫। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম পিএন্ডডি বিভাগ, ময়মনসিংহ।
৬। অফিস নথি।